

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৯৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৫. কিয়ামতের দিন আল্লাহর রহমাত লাভের আশা করা যায়

بَابِ مَا يُرْجَى مِنْ رَحْمَةِ اللهِ يَوْمَ الْقِيَامَةِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ أَعْيَنَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ يَحْيَى الشَّيْبَانِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ حَفْصٍ، عَنْ نَافِع، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ عَلَيه وسلم - فِي بَعْضِ غَزَوَاتِهِ فَمَرَّ بِقَوْمٍ فَقَالُ مَنِ الْقَوْمُ فَقَالُوا نَحْنُ الْمُسْلِمُونَ . وَامْرَأَةٌ تَحْصِبُ تَنُّورَهَا وَمَعَهَا ابْنُ لَهَا فَإِذَا ارْتَفَعَ وَهَجُ التَّنُّورِ تَنَحَّتْ بِهِ الْمُسْلِمُونَ . وَامْرَأَةٌ تَحْصِبُ تَنُّورَهَا وَمَعَهَا ابْنُ لَهَا فَإِذَا ارْتَفَعَ وَهَجُ التَّنُورِ تَنَحَّتْ بِهِ الْمُسْلِمُونَ . وَامْرَأَةٌ تَحْصِبُ تَنُورَهَا وَمَعَهَا ابْنُ لَهَا فَإِذَا ارْتَفَعَ وَهَجُ التَّنُورِ تَنَحَّتْ بِهِ الْمُسْلِمُونَ . وَامْرَأَةٌ بَحْصِبُ تَنُورَهَا وَمَعَهَا ابْنُ لَهَا فَإِذَا ارْتَفَعَ وَهَجُ التَّنُورِ تَنَحَّتْ بِهِ الْمُسْلِمُونَ . وَامْرَأَةٌ بَحْصِبُ تَنُورَهَا وَمَعَهَا ابْنُ لَهَا فَإِذَا الْتَفَعَ وَهَجُ التَّنُورِ تَنَحَّتْ بِهِ الْمُعَلِي وَلِيهِ وَلِلَهُ اللَّهِ عَلَى اللّهُ عِلَيه وسلم عليه وسلم عَلَى اللَّهُ إِلَّ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ وَلَا لاَ إِنَّ اللَّهُ لاَ يُعَرِّبُ مِنْ عِبَادِهِ إِلاَّ اللَّهُ الْمُتَمَرِّدَ الَّذِي يَتَمَرَّدُ عَلَى اللَّهِ وَأَبَى أَنْ يَقُولَ لاَ إِلَا اللَّهُ اللَّهُ اللَّهُ اللهُ الله الله عليه وسلم - يَبْكِي ثُمُّ رَفْعَ رَأُسَهُ إِلَيْهَا فَقَالَ " إِنَّ اللَّهُ لاَ يُعَذِّبُ مِنْ عِبَادِهِ إِلاَّ الْمَارِدَ الْمُتَمَرِّدَ الَّذِي يَتَمَرَّدُ عَلَى اللَّهِ وَأَبَى أَنْ يَقُولَ لاَ إِلَهُ إِلاَّ اللَّهُ " .

বাংলা

৫/৪২৯৭। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা কোন এক জিহাদে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে ছিলাম। তিনি এক সম্প্রদায়ের নিকট দিয়ে যাচ্ছিলেন। তিনি জিজ্ঞেস করলেন, কারা এই সম্প্রদায়? তারা বলেন, আমরা মুসলিম। এক স্ত্রীলোক তার চুলায় আগুন দাউ দাউ করে জ্বলে উঠলে সে তার পুত্রকে সরিয়ে নিলো। সে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এসে বললো, আপনি কি আল্লাহর রাসূল? তিনি বলেনঃ হাঁ। সে বললো, আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গিত হোক। আল্লাহ তা'আলা কি দয়ালুদের মধ্যে সর্বাধিক দয়ালু নন? তিনি বলেনঃ অবশ্যই। স্ত্রীলোকটি বললো, সন্তানের প্রতি মা যতোটা দয়াপরবশ, আল্লাহ কি তাঁর বান্দাদের প্রতি তার চেয়ে অধিক দয়াপরবশ নন? তিনি বলেনঃ অবশ্যই। সে বললো, নিশ্চয় মা তার সন্তানকে আগুনে নিক্ষেপ করে না। একথায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম মাথা অবনত করে কেঁদে দিলেন, অতঃপর মাথা তুলে তাকে বলেনঃ যে ব্যক্তি অবাধ্য, উদ্ধত, বিদ্রোহী, যে আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করে এবং ''লা ইলাহা ইল্লাল্লাহ'' বলতে অস্বীকার করে, সে ব্যতীত আল্লাহ তার অপরাপর বান্দাদের শান্তি



দিবেন না।

English

It was narrated that Ibn 'Umar said:

"We were with the Messenger of Allah (ﷺ) on one of his campaigns. He passed by some people and said: 'Who are these people?' They said: 'We are Muslims.' There was a woman putting wood in her oven, and a son of hers was with her. When the flames got higher, she moved him away. She came to the Prophet (¾) and said: 'Are you the Messenger of Allah?' He said: 'Yes.' She said: 'May my father and mother be ransomed for you. Is not Allah the Most Merciful of those who show mercy?' He said: 'Yes indeed.' She said: 'Is not Allah more Merciful than a mother to her child?' He said: 'Yes indeed.' She said: 'A mother would not throw her child into the fire.' The Messenger of Allah (¾) lowered his head and wept. Then he looked up at her and said: 'Allah does not punish any of His slaves except those who are defiant and rebellious, who rebel against Allah and refuse to say: La ilaha illallah.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ২৩৭৮, যইফাহ ৩১০৯, যইফ আল-জামি'
১৬৭৬। তাহকীক আলবানীঃ বানায়াট। উক্ত হাদিসের রাবী ১. ইবরাহীম বিন আ'য়ান সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি অপরিচিত। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৫৪, ২/৫৩ নং পৃষ্ঠা) ২. ইসমাইল বিন ইয়াহইয়া আশ শায়বানী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার মিথ্যা বলার ব্যাপারে অভিযোগ রয়েছে। ইয়াযীদ বিন হারুন আল-আয়লী বলেন, তিনি মিথ্যুক। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৯৩, ৩/২১৩ নং পৃষ্ঠা) ৩. আবদুল্লাহ বিন আমর বিন হারুস সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি দুর্বল, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন সাঈদ বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৪০, ১৫/৩২৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন